



ASSET  
Project

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা

খানসামা, দিনাজপুর।

Email: [ttckhansama@gmail.com](mailto:ttckhansama@gmail.com)

Web : <https://ttckhansama.dinajpur.gov.bd>

একটাই লক্ষ্য  
হতে হবে দক্ষ

“দক্ষ হয়ে যাবো বিদেশ  
রেমিট্যান্স দিয়ে গড়বো স্বদেশ”

স্মারক নং- ৪৯.০১.২৭৬০.০০৩.১৮.০০১.২৫.৯১২

তারিখঃ ০১ জানুয়ারি, ২০২৬ খ্রি।

### ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রি প্রশিক্ষণ কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), খানসামাতে নিম্নে বর্ণিত কোর্স সমূহ সরকারি খরচে শুধুমাত্র বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র, সুবিধা বঞ্চিত, উপজাতি এবং প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় ০৩ মাস/৩৬০ ঘন্টা মেয়াদী ফেব্রুয়ারি-এপ্রিল ২০২৬ খ্রি. (৮ম সাইকেল) সেশনে ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের নিকট হতে নির্ধারিত [employee.oep.gov.bd](http://employee.oep.gov.bd) লিংকে প্রবেশ করে BMET Registration এর মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বয়স সীমা	আসন সংখ্যা	BNQF লেভেল
০১.	কম্পিউটার অপারেশন	৩৬০ ঘন্টা/ ০৩ মাস ফেব্রুয়ারি- এপ্রিল ২০২৬ খ্রি.)	ন্যূনতম এসএসসি/সমমান	১৮ হতে ৪৫ বৎসর (০১/০২/ ২০২৬ খ্রি. তারিখে)	২৪	NSC Level-2
০২.	ওয়েব ডিজাইন		ন্যূনতম এসএসসি/সমমান এবং কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন জানা আবশ্যিক।		২৪	NSC Level-3
০৩.	সুইং মেশিন অপারেশন		ন্যূনতম ৮ম শ্রেণী/ জেএসসি/সমমান		২৪	NSC Level-2
০৪.	টেইলারিং এন্ড ড্রেস মেকিং		ন্যূনতম ৮ম শ্রেণী/ জেএসসি/সমমান		২৪	NSC Level-2
০৫.	মোটর ড্রাইভিং		ন্যূনতম ৮ম শ্রেণী/ জেএসসি/সমমান		২১ হতে ৪৫ বৎসর	২৪

### আবেদন, প্রবেশপত্র সংগ্রহ, ভর্তি ও ক্লাস শুরুর তথ্যাদি

ভর্তি ফরম সংগ্রহ ও জমা	০১-০১-২০২৬ তারিখ সকাল ১০.৩০ মিনিট হতে ০৫-০২-২০২৬ তারিখ বিকাল ০৩.৩০ মিনিট পর্যন্ত <a href="http://employee.oep.gov.bd">employee.oep.gov.bd</a> লিংকে প্রবেশ করে <b>BMET Registration</b> এর মাধ্যমে আবেদন করতে হবে এবং ফরম পূরণ করে অফিসে জমা দিতে হবে।	০৫-০২-২০২৬ তারিখ বিকাল ০৪.০০ টা থেকে আবেদনকারীর সচল মোবাইল নম্বরে SMS যাবে এবং আবেদনকারী <a href="http://employee.oep.gov.bd">employee.oep.gov.bd</a> লিংকে প্রবেশ করে নিজ প্রোফাইল থেকে প্রবেশপত্র সংগ্রহ করে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবেন। নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় যা জমা দিতে হবেঃ
ভর্তির জন্য প্রার্থী বাছাই-এর তারিখ	০৮/০২/২০২৬ খ্রি.	১) প্রার্থীর সদ্য তোলা রসিন ছবি - ০২ কপি। ২) NID এর ফটোকপি।
ফলাফল প্রকাশ	০৮/০২/২০২৬ খ্রি.	৩) পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের কপি (ওর্যাড নম্বর/ইউনিয়নের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে)। ৪) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের ফটোকপি।
ভর্তি শুরু এবং শেষ তারিখ	০৯/০২/২০২৬ খ্রি. হতে ১০/০২/২০২৬ খ্রি.	৫) আবেদনপত্রে অবশ্যই মোবাইল নম্বর লিখতে হবে। ৬) বৈদেশিক চাকুরী প্রার্থীদের পাসপোর্টের ফটোকপি।
অপেক্ষমান হতে ভর্তি	১১/০২/২০২৬ খ্রি.	
প্রশিক্ষণ ক্লাস শুরু	১৫/০২/২০২৬ খ্রি.	

### সুযোগ সুবিধা ও শর্তসমূহ

- NSDA Assessment এ উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়মিত উপস্থিতির ভিত্তিতে প্রতিমাসে ১,৫০০/- টাকা (পুরুষ) এবং ২,০০০/- টাকা (নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।
- নিয়মিত উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- টাকা হারে মাসিক যাতায়াত ভাতা প্রদান করা হবে (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)।
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ফেসিয়াল রিকর্ডগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- ক্লাসে শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রত্যহ (শনিবার-বৃহস্পতিবার) ৫ ঘন্টা ক্লাস করতে হবে।
- হতদরিদ্র, মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বেকার যুবক-যুবতীদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে। (আবেদনের সাথে প্রমাণক দাখিল করতে হবে)
- NSDA এর আওতায় BNQF Level Assessment এ আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।
- যে কোন প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।
- BMET Registration সম্পন্নকারী প্রার্থীগণ আবেদন ফরম টিটিসির ওয়েব সাইট <https://ttckhansama.dinajpur.gov.bd> হতে ডাউনলোড করে A4 সাইজ কাগজে প্রিন্ট করে হার্ড কপি জমা দিতে পারবেন।



BMET Registration



আবেদন ফরম ডাউনলোড

০১/০১/২০২৫  
(নিমাই কুমার দত্ত)

অধ্যক্ষ

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা, দিনাজপুর।

ভর্তি তথ্যের জন্য যোগাযোগ :

০১৭১৬-৪৮৩৭৮৫, ০১৭৬১-২০৯৪৭৭